# ধর্মকে রাজনৈতিক হাতিয়ার বানানোর সুযোগ নেই: মির্জা ফখরুল



স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

রাজনীতির স্বার্থে ধর্মকে ব্যবহার করে বিভাজন তৈরির চেষ্টা হচ্ছে—এমন অভিযোগ তুলে স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মুক্তিযুদ্ধের চেতনাকে অস্বীকার করারও অপচেষ্টা চলছে। তবে এসবের কোনো সুযোগ দেওয়া হবে না বলেও তিনি স্পষ্ট করেন।

রোববার (৫ এপ্রিল) সকালে রাজধানীর ভাটারা এলাকার মাদানী অ্যাভিনিউয়ে ইস্টার সানডে উপলক্ষে আয়োজিত এক শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী জোর দিয়ে বলেন, রাজনৈতিক উদ্দেশ্যে ধর্ম নিয়ে বিভেদ সৃষ্টি গ্রহণযোগ্য নয়। বিদ্বেষ ও সংঘাত পরিহার করে পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা এবং ভ্রাতৃত্ববোধের ভিত্তিতে একটি ঐক্যবদ্ধ বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান তিনি।

জ্বালানি পরিস্থিতি নিয়ে কথা বলতে গিয়ে তিনি জানান, সরকার প্রয়োজনীয় জ্বালানি আমদানির উদ্যোগ নিয়েছে। যদিও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে পর্যাপ্ত মজুত থাকার কথা বলা হচ্ছে, তবুও কিছু মানুষ বারবার মোটরসাইকেলে তেল নেওয়ায় কৃত্রিম সংকট তৈরি হচ্ছে—যা দুঃখজনক বলে মন্তব্য করেন তিনি।

LENS ASIA